


প্রকাশ : সোমবার, ২ নভেম্বর, ২০১৫ ০০:০০ টা
আপলোড : ২ নভেম্বর, ২০১৫ ০০:৪৫

প্রিন্ট ভার্সন

Share

প্রিন্ট করুন 

টঙ্গী-মগবাজার সড়কে রাইট টার্ন নয় : আনিসুল

| নিজস্ব প্রতিবেদক

গড় রেটিং: 0/5 (0 টি ভোট গৃহিত হয়েছে)

ঢাকা উত্তর সিটি করপোরেশন মেয়র আনিসুল হক বলেছেন, টঙ্গী থেকে মগবাজার পর্যন্ত সড়কে কোনো রাইট টার্ন থাকবে না। যানজট কমাতে এই সড়কে ৪ থেকে ৫টি ইউলুপ করা হবে। গতকাল রাজধানীর মোহাম্মদপুর সূচনা কমিউনিটি সেন্টারে সড়ক নিরাপত্তা নিয়ে বিশেষ ক্যাম্পেইনের উদ্বোধনকালে তিনি এ কথা বলেন। সড়ক নিরাপত্তা নিয়ে এ ক্যাম্পেইনের আয়োজন করে বেসরকারি সংস্থা ব্র্যাক। আনিসুল হক বলেন, টঙ্গী থেকে মগবাজার সড়ক পর্যন্ত কোনো যানজট থাকবে না। যানজট নিরসনে এ সড়কে সব ধরনের রাইট টার্ন বন্ধ করে ইউলুপ নির্মাণ করা হবে। ব্র্যাকের পরিচালক আহমেদ নাজমুল হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন- সংসদ সদস্য জাহাঙ্গীর কবির নানক।